



# ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল একশন)

স্থায়ীত্বশীল উন্নয়নের জন্য সংগঠন

## YPSA (Young Power in Social Action)

An Organization for Sustainable Development

[Organization in Consultative Status with the United Nations Economic and Social Council ECOSOC]

সূত্র: ইপসা/প্রকা/৪৬৩/২০২১

তারিখ: ২৪/০৪/২০২১ ইং

### YPSA

is a non-governmental voluntary non Political non Profit Organization for Sustainable Development registered with various departments of Bangladesh Government. YPSA established in 1985 being inspired by the spirit of International Youth Year declared by the UN. YPSA works in close co-operation with Government, INGOs & UN agencies. YPSA awarded International Youth Peace Prize 1999 for it's outstanding social development Programmes.

### Vision

YPSA envisions a society without poverty where everyone's basic needs and rights are ensured.

### Mission

YPSA exists to participate with the poor and vulnerable population with all commitments to bring about their own and society's sustainable development

### Core Values

- Patriotism and commitment to national interest, sovereignty and national pride
- Justice, transparency and accountability
- Mutual respect and gender friendliness
- Quality and excellence
- Humility and confidence
- Respect for diversity
- Support for environment and ecology



web site:

www.ypsa.org

## ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ ও ইপসার ওয়েব পেজ, ফেসবুক, ইন্টারনেট ও সোশ্যাল মিডিয়া ব্যবহার সংক্রান্ত অফিস সার্কুলার (সংশোধিত)

এতদ্বারা সকল সাধারণ পরিষদ ও কার্যকরী পরিষদ সদস্য/সংস্থার সকল বিভাগ/কর্মসূচি/প্রকল্পে কর্মরত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইপসা সংস্থার নামে অফিসিয়াল ওয়েব পেজ (www.ypsa.org), ফেসবুক পেজ (facebook.com/YPSAAbd) নিয়মিত ভাবে ওয়েব ম্যানেজার এর সম্পাদনায় রক্ষণাবেক্ষণ হচ্ছে। সংস্থায় চলমান কর্মসূচি/প্রকল্প/বিভাগ সমূহ/স্ব-স্ব কর্মসূচি হতে ডিজিটাল ডিভাইস ও অনলাইন ফ্ল্যাটফরম ব্যবহার করে, সোশ্যাল মিডিয়া হিসেবে ফেসবুক/হোয়াটসঅ্যাপ/মেসেঞ্জার/অ্যাপস ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করে সমন্বয় সাধন করা, নিজস্ব বা কর্মসূচি পরিচালনা, ধারণা ও তথ্য বিনিময় করে আসছেন। এছাড়া অনেকেই নিজস্ব নামেও ফেসবুক/হোয়াটসঅ্যাপ/মেসেঞ্জার/অ্যাপস ব্যবহার করে সামাজিক সমন্বয় সাধন, তথ্য ও নিজস্ব ধারণা বিনিময় করছেন।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক বিষয়াদি প্রসঙ্গে প্রণীত আইন ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ অনুযায়ী কি করা যাবে এবং কি করা যাবে না সে বিষয়ে সুস্পষ্টভাবে উল্লেখ আছে। এ সকল আইন এবং নির্দেশিকা সরকারের সংশ্লিষ্ট ওয়েবসাইট <http://ictd.portal.gov.bd> দেওয়া আছে যা এ বিষয়ে আপনারদের গাইডলাইন হিসেবে কাজ করবে (সংযুক্ত করা হলো)।

ইপসা সাধারণ পরিষদ ও কার্যকরী পরিষদ সদস্য/সংস্থার সকল বিভাগ/কর্মসূচি/প্রকল্পে কর্মরত সংশ্লিষ্ট সকলকে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির (আইসিটি) সৃষ্টি ও সৃজনশীল ব্যবহার নিশ্চিত করতে হবে। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রতিরোধ, দমন ও ইপসার ওয়েব পেজ, ফেসবুক, ইন্টারনেট ও সোশ্যাল মিডিয়া ব্যবহার সহ নিম্নোক্ত আনুসঙ্গিক বিষয় সমূহ অনুসরণ, পালন এবং সকলের গুরুত্বপূর্ণ প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়:

১. যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সংস্থার নাম বা নিজস্ব পদবী ব্যবহার করে বা নিজের পরিচয় গোপন করে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দলীয় রাজনৈতিক প্রচারণা বা ধর্মীয় বা উগ্রবাদ মতবাদ প্রচার, "মুক্তিযুদ্ধের চেতনা" সংক্রান্ত কোন বিষয়ে বিকৃত তথ্য/প্রচারণা, সরকারী বা বেসরকারী কোন বিভাগ বা কোন কর্মকর্তার সংবাদকে নিজের মত করে খণ্ডিত বা বিকৃতভাবে প্রকাশ বা প্রচার করা, কাউকে হেয় প্রতিপন্ন করে মতামত প্রদান করা হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত থাকতে হবে।
২. ইচ্ছাকৃতভাবে ওয়েবসাইট বা ডিজিটাল বিন্যাসে এমন কিছু প্রকাশ বা সম্প্রচার করা, যাহা সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেণি বা সম্প্রদায়ের মধ্যে শত্রুতা, ঘৃণা বা বিদ্বেষ সৃষ্টি করে বা সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে বা অস্থিরতা বা বিশৃঙ্খলা সৃষ্টি করে অথবা আইন-শৃঙ্খলার অবনতি ঘটায় বা ঘটায় উপক্রম হয় এ ধরনের কাজ হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত থাকতে হবে।
৩. বৈশ্বিক/দেশীয় যে কোন মহামারী এবং কোভিড-১৯ সংক্রান্ত বিষয়ে গুজব বা ভিত্তিহীন কোন সংবাদ ট্যাগ করা, লাইক, ডিজলাইক, মতামত প্রদান ইত্যাদি করা হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত রাখতে হবে।



### Head Office

House # F10(P), Road # 13, Block-B Chandgaon R/A

Chittagong-4212, Bangladesh

Tel: +88-031-672857, 671690

Mobile : +88-01819-321432, 01711-825068

### Dhaka Office

Prantik, House # 12/Uma/1 (Ground Floor)

Road # 02, Shamoly, Dhaka-1207, Bangladesh.

Tel: 02-8142351

Cell: +88-01818-578790





## YPSA

is a non-governmental voluntary non Political non Profit Organization for Sustainable Development registered with various departments of Bangladesh Government. YPSA established in 1985 being inspired by the spirit of International Youth Year declared by the UN. YPSA works in close co-operation with Government, INGOs & UN agencies. YPSA awarded International Youth Peace Prize 1999 for it's outstanding social development Programmes.

## Vision

YPSA envisions a society without poverty where everyone's basic needs and rights are ensured.

## Mission

YPSA exists to participate with the poor and vulnerable population with all commitments to bring about their own and society's sustainable development

## Core Values

- Patriotism and commitment to national interest, sovereignty and national pride
- Justice, transparency and accountability
- Mutual respect and gender friendliness
- Quality and excellence
- Humility and confidence
- Respect for diversity
- Support for environment and ecology



web site:

www.ypsa.org

# ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল একশন)

স্থায়ীত্বশীল উন্নয়নের জন্য সংগঠন

## YPSA (Young Power in Social Action)

An Organization for Sustainable Development

[Organization in Consultative Status with the United Nations Economic and Social Council ECOSOC]

৪. ফেসবুক/হোয়াটসঅ্যাপ/মেসেঞ্জার/অ্যাপস (সংস্থার/কর্মসূচি/নিজস্ব) ইত্যাদি ব্যবহারের মাধ্যমে এমন কোন বিষয়াদির সাথে সম্পৃক্ত থাকা যাবেনা যাতে করে কোনভাবেই সরকারী আইন/নির্দেশিকা বিরোধী, জনমনে আতঙ্ক সৃষ্টি করে, সরকারী নিয়ম নীতির বিরুদ্ধে যায় বা অরুচিকর, ধর্মীয়, যৌন বিষয়ক, ইভ টিজিং, মানহানিকর বা স্পর্শকাতর শব্দ উচ্চারণ বা ব্যবহার করা হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত রাখতে হবে।
৫. শিশু সুরক্ষা নীতিমালা, জেভার নীতিমালা ও প্রাসঙ্গিক সুরক্ষা নীতিমালা, মাদক গ্রহণে/আসক্তিতে/আত্মহত্যা উদ্বুদ্ধ করণ, নিষিদ্ধ ঘোষিত বা কোন প্রকার খারাপ বা নেতিবাচক প্রভাব পড়ে বা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয় বা কোনরূপ বিতর্কের সৃষ্টি হয় এ ধরনের কাজ হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত রাখতে হবে।
৬. ডিজিটাল মাধ্যমে কোন রকম তথ্য-উপাত্ত সংস্থার, দেশের বা উহার কোনো অংশের সংহতি, অর্থনৈতিক কর্মকাণ্ড, নিরাপত্তা, প্রতিরক্ষা, ধর্মীয় মূল্যবোধ বা জনশৃঙ্খলা ক্ষুণ্ণ করে বা জাতিগত বিদ্বেষ ও ঘৃণার সঞ্চার করে এ ধরনের কাজ হতে সম্পূর্ণভাবে নিজেদের বিরত রাখতে হবে।
৭. ইচ্ছাকৃতভাবে কোনো কম্পিউটার, কম্পিউটার সিস্টেম, সফটওয়্যার, কম্পিউটার নেটওয়ার্ক, উপাত্ত বা কম্পিউটারে সংরক্ষিত ডাটাবেজ, উপাত্ত-ভাণ্ডারের ক্ষতিসাধন করা বা ক্ষতিসাধনের চেষ্টা করা বা উক্ত কম্পিউটার, সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্কে রক্ষিত অন্য কোনো প্রোগ্রামের ক্ষতি সাধন করা বা করার চেষ্টা হতে বিরত থাকা এবং ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে জালিয়াতি করা একটি গুরুতর শাস্তিযোগ্য অপরাধ এবং এটি হতে নিজেদের সম্পূর্ণভাবে বিরত রাখতে হবে।

আপনাদের মনে রাখতে হবে, ডিজিটাল নিরাপত্তা আইন, আইসিটি ব্যবহার বিষয়ে কোনরূপ আইনী বা সামাজিক ভাবে ঝামেলা বা জটিলতা হলে যার বিরুদ্ধে সমস্যা হবে তাকেই সামাজিক ভাবে, প্রচলিত আইনের মুখোমুখি এবং মোকাবেলা করতে হবে। এ সকল বিষয়ে ব্যক্তির কোন প্রকার সামাজিক/আইনগত দায় দায়িত্ব এবং ক্ষতিপূরণ সংক্রান্ত বিষয়ে একক/আংশিক কোন প্রকারেরই দায় দায়িত্ব ইপসা প্রতিষ্ঠান হিসেবে নিবে না বা দায়ী থাকবেনা।

উপরোক্ত বিষয় গুলো অত্যন্ত প্রয়োজনীয় হিসেবে গুরুত্ব অনুধাবন করবেন, আপনিসহ আপনার সহকর্মীদের উল্লেখিত বিষয় গুলোকে কড়াকড়ি ও অব্যাহত ভাবে মনিটরিং করবেন এবং যথাযথ ব্যবস্থা নিবেন।

ধন্যবাদান্তে-



(মো: আরিফুর রহমান)  
প্রধান নির্বাহী

সংযুক্তি: ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮

### Head Office

House # F10(P), Road # 13, Block-B Chandgaon R/A  
Chittagong-4212, Bangladesh  
Tel: +88-031-672857, 671690  
Mobile : +88-01819-321432, 01711-825068

### Dhaka Office

Prantik, House # 12/Uma/1 (Ground Floor)  
Road # 02, Shamoly, Dhaka-1207, Bangladesh.  
Tel: 02-8142351  
Cell: +88-01818-578790